



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
প্রশাসনিক ভবন

টেলিফোন: ০৮৮২৫৮৮৮৪৪৯৮১

তারিখ: ২১/১২/২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

পাবিপ্রবির বিদেশ গমনে ইচ্ছুক শিক্ষার্থীদের সনদ অনলাইনে সত্যায়ন করা যাবে

(২১/১২/২০২৪): পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিদেশ গমনে ইচ্ছুক শিক্ষার্থীদের জন্য এখন থেকে সকল সনদ অনলাইনে সত্যায়ন সম্পন্ন করা যাবে। www.mygov.bd ওয়েব সাইটে প্রবেশ করে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন পূর্বক সকল প্রক্রিয়া সম্পাদন করে আবেদন করতে হবে। এছাড়া নিম্নোক্ত QR কোড স্ক্যানের মাধ্যমেও আবেদন করা যাবে।

এ বিষয়ে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল-আওয়াল বলেন, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিদেশ গমনে ইচ্ছুক শিক্ষার্থীদের সনদ সত্যায়ন প্রক্রিয়া এখন থেকে অনলাইনে সম্পন্ন করা যাবে। আমাদের শিক্ষার্থীদের জটিলতা দূর হওয়ার সাথে সাথে দুর্ভোগ কমবে, সময় বাঁচবে ও অর্থ সাশ্রয় হবে। সহজেই শিক্ষার্থীরা সনদ সত্যায়ন করতে পারবেন।

এ বিষয়ে জরুরী প্রয়োজনে নিম্নোক্ত মোবাইল নাম্বারে যোগাযোগ করা যাবে- মোঃ আরিফুল ইসলাম, সহকারী অধ্যাপক, ইইই বিভাগ, পাবিপ্রবি। মোবাইল-০১৭৪৫-৩৬৩৮২৮ এবং মোঃ মনিরুজ্জামান, অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক, পাবিপ্রবি। মোবাইল-০১৭১৭-৮৮৮৯৫১। নিম্নে QR কোড সংযুক্ত করা হল।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

বার্তা প্রেরক

স্বাক্ষরিত/-

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

অতিরিক্ত পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

মোবাইল নংঃ-০১৭১১৯৪২২১২

faruk_kantho@yahoo.com